লিয়াকত হোসেন খোকা
সংসদ সদস্য
২০৬, নারায়ণগঞ্জ-৩, বাংলাদেশ জাতীয় সংসদ
সদস্য
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত
সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ

শামসুর রহমান শরীফ
মন্ত্রী
ভূমি মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং-বা.জা.সং.স.-২০৬.নাঃগঞ্জ-৩/২০১৮/৩৩৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তারিখ: ০৮ এপ্রিল ২০১৮ খ্রিঃ।

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মিরপুর-২, ঢাকা-১২১৬।

বিষয়ঃ হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ উপজেলায় কর্মরত "উপজেলা শিক্ষা অফিসার" জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার'কে নারায়নগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলায় পদায়ন প্রসঙ্গে।

প্রিয় জনাব,

শুভেচ্ছা। আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, আমার নির্বাচনী এলাকা-২০৬, নারায়নগঞ্জ-৩ সোনারগাঁ উপজেলার মানুষ অত্যন্ত শান্তিপ্রিয় এবং ঘুষ ও দূর্নীতি বিরোধী। সম্প্রতি অত্র উপজেলায় কর্মরত উপজেলা শিক্ষা অফিসার জনাব আ.ফ.ম জাহিদ ইকবাল'কে পদোন্নতি প্রদান পূর্বক সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হিসেবে অন্যত্র পদায়ন করা হয়েছে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, তাঁকে পদোন্নতিসহ অন্যত্র পদায়নের পর কালবিলম্ব না করে একটি কুচক্রি মহলের অশুভ তৎপরতায় কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলায় কর্মরত "উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:) নিখিল চন্দ্র বিশ্বাস'কে স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.১৯.০১০.১৮.১০, তারিখ: ০৪.০৪.২০১৮খ্রিঃ মূলে সোনারগাঁ উপজেলায় বদলী করা হয়। উল্লেখ্য যে, উক্ত কর্মকর্তা ইতোপূর্বে সোনারগাঁ উপজেলায় সহকারী উপজেলা শিক্ষা অফিসার হিসেবে দায়িত্ব পালনকালে ব্যাপক দূর্নীতি ও অনিয়ম করতঃ প্রাথমিক শিক্ষা খাতকে কলুষিত করে গেছেন। এমন একজন অসৎ কর্মকর্তাকে আমার উপজেলায় পুনরায় বদলী করায় আমি এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। তাঁকে সোনারগাঁ উপজেলায় পুনরায় পদায়ন করা হলে শতভাগ শিক্ষার হার নিশ্চিত করণের মাধ্যমে জাতির জনক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়া এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর **"সবার জন্য মানসম্মত শিক্ষা"** কার্যক্রম বাস্তবায়নে সামগ্রীক পরিকল্পনা ক্ষতিগ্রস্থ হওয়ার জোর আশঙ্কা বিদ্যমান। বিশ্বস্ত সূত্রমতে হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ উপজেলায় কর্মরত "উপজেলা শিক্ষা অফিসার" জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার পদে সুনাম ও দক্ষতার সাথে সরকারী অর্পিত দায়িত্ব পালনরত আছেন।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ের আলোকে সোনারগাঁ উপজেলায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার গুণগত মান উন্নয়ন সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে বাস্তবায়ন এবং সকল কার্যক্রমকে গতিশীল রাখার স্বার্থে উপরোল্লেখিত বদলী আদেশ বাতিল করতঃ সৎ, নিষ্ঠাবান ও অভিজ্ঞ "উপজেলা শিক্ষা অফিসার" জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার'কে নারায়নগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলায় পদায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ একান্ত অনুরোধ জানালাম।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(লিয়াকত হোসেন খোকা)
সংসদ সদস্য
২০৬, নারায়ণগঞ্জ-০৩ (সোনারগাঁ)
বাংলাদেশ জাতীয় সংসদ।

সোনারগাঁ কার্যালয় : আইডব প্রাজা, মোগরাপাড়া চৌরাস্তা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ফোন : ০১৯৩৩৯০০০০, ০১৭৭৭১৪২৪২, ই-মেইল : info@amar-sonargaon.com, ওয়েব : amar-sonargaon.com